

(১) নিম্নলিখিত যে-কোনো একটি বিষয়ে সংক্ষিপ্ত টীকা লিখুন : (ক) প্রবন্ধ-গান, (খ) মাগধী। (২) নিম্নলিখিত সংস্কৃত শ্লোকগুলির বঙ্গানুবাদ করুন (যে-কোনো ২টি) : (ক) গান্ধর্বং ত্রিবিধং বিদ্যাং স্বরতালপদাত্মকম্ (খ) ক্রমযুক্তা স্বরা সপ্ত মূর্ছনাস্ত্বভিসংজ্ঞিতা (গ) সামবেদাৎ স্বরাজাতাঃ সর্বেভ্যো গ্রামঃ সম্ভবঃ। (৩) 'অভিনব-রাগমঞ্জরী' গ্রন্থের লেখক কে? এই

গ্রন্থের কোন্ বিষয়গুলি ভারতীয় সংগীতকে সমৃদ্ধ করেছে তা সংক্ষেপে বলুন। (৪) ধ্রুপদ সংগীতের উৎপত্তিতে কোন্ রাজ-পৃষ্ঠপোষক যুক্ত? ধ্রুপদের মূল বাণীগুলির নাম লিখুন এবং তাদের বৈশিষ্ট্য উল্লেখ করুন। (৫) নিম্নলিখিত রাগগুলি থেকে 'পরমেল প্রবেশক' ও 'সন্ধিপ্রকাশ' রাগ চিহ্নিত করুন : মারওয়া, জয়জয়ন্তী, পুরিয়া, ভৈরব, বাগেশ্রী, ভীমপলশ্রী। (৬) 'সুষির' বাদ্য কী? উদাহরণসহ সংক্ষেপে আলোচনা করুন। (৭) সংক্ষেপে খেয়াল গানের উৎপত্তি ও তার উন্নতিতে যাঁদের অবদান আছে তাঁদের নাম উল্লেখ করুন। (৮) গ্রহ কী? এর বিভিন্ন প্রকার উদাহরণসহ আলোচনা করুন। (৯) আধুনিক হিন্দুস্থানী পদ্ধতি অনুসারে ২২ শ্রুতির নাম ও তাদের কোন্টিতে কোন্ শুদ্ধস্বর আছে তা লিখুন। (১০) 'সঙ্গীত রত্নাকর' গ্রন্থের প্রকীর্তিকাধ্যায়-এর বিষয়বস্তুর সংক্ষিপ্ত বিবরণ দিন। (১১) রবীন্দ্রনাথের স্বদেশ পর্যায়ের গানগুলিকে কয়ভাগে ভাগ করা যায়? এই গানগুলিকে কীভাবে ভাগ করা হয়েছে এবং এই ভাগগুলি কী কী? (১২) সঙ্গীতে কথা ও সুর সম্পর্কে রবীন্দ্রনাথের দৃষ্টিভঙ্গীর ব্যাখ্যা সংক্ষেপে লিখুন। (১৩) নিম্নলিখিত বাংলা লোকসঙ্গীতের বৈশিষ্ট্যগুলি ব্যাখ্যা করুন : (ক) গম্ভীরী। (খ) ঝুমুর। (১৪) আকারমাত্রিক স্বরলিপি পদ্ধতির স্রষ্টা কেন? সংক্ষেপে আকারমাত্রিক স্বরলিপি ব্যাখ্যা করুন। (১৫) হিন্দুস্থানী তাললিপিতে ঠুংরী গানে ব্যবহৃত যে-কোনো দুটি তালের তালি-খালি-সম সহ ঠেকা লিখুন। (১৬) লয়কারী বলতে কী বোঝেন? ভারতীয় তাল পদ্ধতিতে কত প্রকার লয়কারী আছে? (১৭) 'রবাব' বাদ্যের কাঠামোগত বৈশিষ্ট্য সংক্ষেপে লিখুন। (১৮) রূপক ও রূপকড়া তালের সংক্ষেপে তুলনা করে দেখান। (১৯) 'গীত প্রবন্ধতে' কয়প্রকার অঙ্গ আছে? তাদের নাম উল্লেখ করুন। (২০) ভারতীয় তালে কয়টি প্রাণ আছে? তাদের নাম উল্লেখ করুন।